

## নীলঘড়ি

—লিটন শব্দকর

সুসময়ের পথ চেয়ে জীবন  
নিজেই যখন বলে  
আমার হাঁটা হলো কই  
সবটুকু দিনের ভেতর  
ভারসাম্য হাঁতড়ে আংটি না পেলে  
আটকে থাকে পরিণয়  
আমারও বয়স ছাব্বিশ কি সাতাশ  
নীল - কবির আক্ষেপ  
তোমার নয় !!  
সত্যিই কেউ কথা রাখেনি  
হে প্রণম্য, একদিন পঙ্ক্তি থাকে-  
-কিনা জানিনা,  
তবু রোজ আঁকিঝুঁকি,  
তারপর আমার চোখ-  
সুন্দর নীল অথবা নীরাকে দেখবে-  
-কিনা জানিনা,  
শুধু ভালোবাসায় দেখা  
আর ঋণী  
শুধু এতটুকু জানি  
দিন যেতে যেতে  
আসলে কেউ কথা রাখেনা